



রংপুর সিটি কর্পোরেশন

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-১২৭৪

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

রংপুর সিটি কর্পোরেশনের সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সভার কার্যবিবরণীঃ

- সভাপতি : জনাব মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।
- সভার তারিখ : ২৬ জুন ২০২৫ ইং
- সময় : দুপুর-৪:০০ ঘটিকায়
- সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভাকক্ষ।
- উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা “পরিশিষ্ট ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে প্রধান নিবাহী কর্মকর্তা জনাব উম্মে ফাতিমা সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (CLCC) সভার আলোচনা পর্ব পরিচালনা করেন।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বাংলাদেশ বিল্ডিং কোড নিশ্চিতকরণে একটি কমিটি গঠন।	জনাব মোঃ আজম আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন রংপুর বলেন-বাংলাদেশ বিল্ডিং কোড অনুযায়ী ভবন/স্থাপনা নির্মাণের ক্ষেত্রে অনিয়ম, নগ্নাবহির্ভূত ভবন নির্মাণ ইত্যাদি বিষয়ে মনিটরিং করার জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন। উক্ত কমিটি ভবন/স্থাপনা নির্মাণে অনিয়ম থাকলে সেগুলো তুলে ধরে বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সভাপতি নগরীর ভবন/স্থাপনা নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।	বাংলাদেশ বিল্ডিং কোড বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন।

২	বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ	জনাব মোঃ ফকরুল আলম বেঞ্জ (সভাপতি, সুজন) বলেন এখন বর্ষাকাল চলছে বৃক্ষ রোপণের সময়, পতিত জমিতে বৃক্ষ রোপণ, রাস্তার দুইধারে বৃক্ষ রোপণ কিংবা রাস্তার ডিভাইডারে বৃক্ষ রোপণ করার প্রস্তাব উত্থাপন করেন। সভাপতি রাস্তার ডিভাইডারে গাছ লাগানোর নির্দেশনা প্রদান করেন।	রাস্তার ডিভাইডারে গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ; রংপুর সিটি কর্পোরেশন।
৩	রাস্তা সংস্কার।	জনাব মোঃ ওয়ায়দুর রহমান রতন, সাধারণ সম্পাদক, ফ্রেনকারিজ মার্কেট সমিতি, রংপুর বলেন মুন্সিপালিটি সাত তলা ভবনের পাশ দিয়ে বরকতিয়া মাদ্রাসা পর্যন্ত রাস্তাটি খুবেই নাজুক অবস্থা রাস্তাটি জরুরীভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। সভাপতি তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগকে রাস্তাটির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	মুন্সিপালিটি বরকতিয়া মাদ্রাসা রোডটি সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন।
৪	অবৈধভাবে বালু উত্তোলন	জনাব মোঃ খাইরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (PWD) বলেন ১৫ নং ও ৩১ নং ওয়ার্ডের সীমানাঘেঁষে প্রবাহিত ঘাগট নদীতে অবৈধভাবে বালু উত্তোলন করে। এটি বন্ধ করা প্রয়োজন। সভাপতি বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	ঘাগট নদীতে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধ করতে হবে।	বিজ্ঞ এন্ড্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট রংপুর সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সবার সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।



স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-

তারিখ :

১৪৩২ বঙ্গাব্দ
২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপসচিব
সিটি কর্পোরেশন- ২ শাখা।

২। প্রকল্প পরিচালক,

" Project for Strengthening Capacity for City Corporation-2(C4C2).

স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। কাউন্সিলর(সকল), , রংপুর সিটি কর্পোরেশন।
- ৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
- ৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
- ৬। বিজ্ঞ এন্ড্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
- ৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
- ৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
- ১০। প্রশাসনিক কর্মকর্তা(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
- ১১। , রংপুর সিটি কর্পোরেশন।
- ১২। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সদস্যবৃন্দ।
- ১৩। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে আপলোড) রংপুর সিটি কর্পোরেশন।
- ১৪। অফিস নথি।


উম্মে ফাতিমা
(উপসচিব)

পরিচিতি নং- ১৬৬৭৮

প্রধান নির্বাহী কর্মকর্তা

রংপুর সিটি কর্পোরেশন

ই-মেইলঃ ceo@rpcc.gov.bd

